গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৭৭.২৬.৮৬

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: রিয়াজ নীটওয়্যার লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব বৃদ্ধি পূর্বক 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী শিল্প আইআরসি সনদ পরবর্তী ০৫ (পাঁচ) বছর মেয়াদে প্রদানের জন্য সুপারিশ প্রদান প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদনপত্র নম্বরঃ ১২৬৭, তারিখঃ ১৯/১০/২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিয়াজ নীটওয়্যার লিমিটেড, অফিসঃ বাড়ি/প্লট/হোল্ডিং নং-২৭১/১, থানাঃ খিলগাঁও, জেলাঃ ঢাকা ও কারখানাঃ বাড়ি/প্লট/হোল্ডিং নং-হাতিমারা, থানাঃ কাশিমপুর, জেলাঃ গাজীপুর নামক স্থানীয় বিনিয়োগে প্রতিষ্ঠিত একটি ১০০% রপ্তানিমুখী "নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির অনুকূলে বস্ত্র অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নিবন্ধন সংখ্যা: ডট-এল-০০০০০০০১-২০১৬, তারিখ: ১৯/১২/২০১৬ খ্রি:। এছাড়া, প্রতিষ্ঠানটির আইআরসি নং-২৬০৩২৬১২০২২৬১২০, তারিখ: ১৪/০৩/২০১৭ খ্রিঃ। আইআরসি সনদ অনুযায়ী প্রতিষ্ঠানটির অনুকূলে বর্তমানে নির্ধারিত ষান্মাসিক আমদানিস্বত্ব ২,৮০,৮০,০০০/- (দুই কোটি আশি লক্ষ আশি হাজার) টাকা ও বার্ষিক আমদানিস্বত্ব ৫,৬১,৬০,০০০/- (পাঁচ কোটি একষট্টি লক্ষ ষাঁট হাজার) টাকা (নিয়মিত)।

০২। উক্ত বস্ত্র শিল্প কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে কারখানাটির অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব বৃদ্ধি পূর্বক 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী শিল্প আইআরসি সনদ পরবর্তী ০৫ (পাঁচ) বছর মেয়াদে প্রদানের লক্ষ্যে সুপারিশপত্র প্রদানের জন্য অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেন। আবেদনের প্রেক্ষিতে উক্ত বস্ত্র শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী "নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য যোগ্য বিবেচিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, রিয়াজ নীটওয়্যার লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানাটি ১০০% রপ্তানিমুখী "নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হওয়ায়, উক্ত প্রতিষ্ঠানটির অনুকূলে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর অনুচ্ছেদ ২৩-এর (ক) ও (খ) মোতাবেক আইআরসি সনদে উল্লিখিত আমদানিস্বত্ব বৃদ্ধি পূর্বক ষান্মাসিক আমদানিস্বত্ব ৫০,০০,০০,০০০/- (পঞ্চাশ কোটি) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ত্ব ১০০,০০,০০,০০০/- (একশত কোটি) নির্ধারণ করত: শিল্প আইআরসি সনদ পরবর্তী ০৫ (পাঁচ) বছর মেয়াদে প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য, ১০০% রপ্তানিমুখী "নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে উক্ত বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটিকে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর সংশ্লিষ্ট সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

তবে, এ সুপারিশপত্রের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে কোনো প্রকার আইনগত দায়মুক্তি প্রদান করা হলো না। প্রতিষ্ঠানটিকে প্রচলিত আইন, বিধি-বিধান, 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ওপর বর্তাবে।

২৭-১০-২০২৬
মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব)
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৭৭.২৬.৮৬/১ (৬)

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরা না পল্টন, ঢাকা-১০০০।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা/ কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), বিপ্লব টা ওয়ার, প্লট নং–২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা-১২২৯।
৩। ব্যবস্থাপনা পরিচালক, রিয়াজ নীটওয়্যার লিমিটেড, অফিসঃ বাড়ি/প্লট/হোল্ডিং নং-২৭১/১, থানাঃ খিলগাঁও, জেলাঃ ঢাকা ও কারখানা: বাড়ি/প্লট/হোল্ডিং নং-হাতিমারা, থানাঃ কাশিমপুর, জেলাঃ গাজীপুর।
৪। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। অফিস, কপি।

২৭-১০-২০২৬
কামরুল আলম
সহকারী পরিচালক (কারিগরি)।